

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 13-01-2025  
Time: 07:55-08:00 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

- (১) বিধানসভায় আজ রাজ্যপালের ভাষনের উপর ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনা শুরু হয়েছে ।
- (২) পৌষ পূর্ণিমায় অমৃত স্নানের মাধ্যমে আজ প্রয়াগরাজে বিশ্বের বৃহত্তম আধ্যাত্মিক ও সাংস্কৃতিক সমাবেশ মহাকুস্ত শুরু হয়েছে ।
- (৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন গত তিন বছরে রাজ্যের বিভিন্ন থানায় NDPS এর ১হাজার ৬৬৫টি মামলা নথিভুক্ত করা হয়েছে ।
- (৪) টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে চাম্পামুড়া কোচিং সেন্টার খেলবে এডি নগর কোচিং সেন্টারের বিরুদ্ধে।

\*\*\*\*\*

\*

**(Assembly) - Motion on Thanks:**

বিধানসভায় আজ রাজ্যপালের ভাষনের উপর ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনা শুরু হয় । আলোচনার সূত্রপাত করে পরিষদীয় মন্ত্রী রতন লাল নাথ বলেন, রাজ্যপালের ভাষনের মধ্যে দিয়ে রাজ্যের সামগ্রিক উন্নয়নের চিত্র ও রাজ্য সরকারের লক্ষ্য ফুটে উঠেছে। সহায়ক মূল্যে ধান কেনায় রাজ্যের ২ লক্ষ ৭৬ হাজার কৃষক উপকৃত হয়েছেন। কৃষকদের একাউন্টে ৩ কোটি ৯৯ লক্ষ টাকা দেওয়া হয়েছে। শিল্প ক্ষেত্রে গত ৩২ বছরে যেখানে ৫৪৯৩

টি শিল্প ইউনিট ছিল বর্তমানে সেখানে ৭৭ হাজার ৯০৮ টি শিল্প ইউনিট গড়ে উঠেছে যেখানে ৫৪ হাজারের বেশি লোকের কর্মসংস্থান হয়েছে বলে তিনি জানান ।

রাজ্যপালের ভাষনের উপর ধন্যবাদ সূচক প্রস্তাবে আলোচনায় অংশ নিয়ে বিরোধীদল নেতা জিতেন্দ্র চৌধুরী বলেন, রাজ্যপালের ভাষন রাজ্য মন্ত্রিসভার অনুমোদিত ভাষন । রাজ্য সরকারের নীতি তাতে প্রতিফলিত। আন্তর্জাতিক বিভিন্ন সূচকে দেশ পিছিয়ে রয়েছে বলে উল্লেখ করে তিনি অভিযোগ করেন, রাজ্য সরকারও বিভিন্ন ক্ষেত্রে ব্যর্থ । ২০১৮ সালে বিজেপি সরকারের প্রথম দিকে ৫০ হাজার শূন্যপদ পূরণের প্রতিশ্রুতি পূরণ করেনি বলে তিনি অভিযোগ করেন। রাজ্যপালের ভাষনের উপর ধন্যবাদসূচক প্রস্তাবে বিভিন্ন ক্ষেত্রে রাজ্য সরকারের সাফল্যের উল্লেখ করে বক্তব্য পেশ করেন বিধানসভার মুখ্য সচিব কল্যাণী রায় ।

\*\*\*\*\*

#### **Mahakumbh :**

পৌষ পূর্ণিমায় অমৃত স্নানের মাধ্যমে আজ প্রয়াগরাজে বিশ্বের বৃহত্তম আধ্যাত্মিক ও সাংস্কৃতিক সমাবেশ মহাকুম্ভ শুরু হয়েছে । আজ দুপুর পর্যন্ত ৬ কোটিরও বেশি ভক্ত ও তীর্থযাত্রীরা পবিত্র স্নান করেছেন। গঙ্গা, যমুনা ও সরস্বতী নদীর সঙ্গমস্থল ত্রিবেণী সঙ্গমের বিভিন্ন ঘাটে ভক্ত, তীর্থযাত্রী ও দর্শনার্থীরা পবিত্র স্নান করছেন। ২৬ ফেব্রুয়ারি মহাশিবরাত্রি পর্যন্ত এই মেলা চলবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ প্রয়াগরাজে মহা কুম্ভ ২০২৫ এর সূচনা উপলক্ষ্যে সবাইকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী মহাকুম্ভকে ভারতীয় মূল্যবোধ এবং সংস্কৃতি লালনকারী কোটি মানুষের জন্য একটি বিশেষ দিন বলে অভিহিত করেন। তিনি আশা ব্যক্ত করেন যে ভারতীয় আধ্যাত্মিক ঐতিহ্যের এই বিশাল উৎসব তীর্থযাত্রী ও পর্যটকদের জীবনে নতুন শক্তি ও উদ্দীপনা নিয়ে আসবে।

এবার, সরাসরি প্রয়াগরাজে মহাকুন্ত স্নানের ঘাট থেকে আমাদের আকাশবাণী আগরতলার সংবাদদাতা রাহুল লোধের এক প্রতিবেদন।

##### VC & Byte capsule #####

\*\*\*\*\*

#### **CM- Drugs statement:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন গত তিন বছরে রাজ্যের বিভিন্ন থানায় NDPS এর ১ হাজার ৬৬৫টি মামলা নথিভুক্ত করা হয়েছে এবং এই সংক্রান্ত কাজে যুক্ত ২ হাজার ৬৯৭কে গ্রেফতার করা হয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক নির্মল বিশ্বাস ও নয়ন সরকারের আনা দৃষ্টি আকর্ষণী নোটিশের উপর আলোচনায় তিনি এ তথ্য জানান। তিনি জানান গত তিন বছরে রাজ্যে ১ লক্ষ ৫৪ হাজার ৬৫৮ কেজি গাঁজা, ৫ লক্ষ ৮২ হাজার ১০০টি কফ সিরাপের বোতল, ২৫ লক্ষ ৬২ হাজার ৭৯১টি ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করা হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে নেশা দ্রব্য ব্যবহারে লাগামহীন বৃদ্ধি এবং তা থেকে উত্তরণের লক্ষ্যে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর ২০২২ সালে খেলো ত্রিপুরা, সুস্থ ত্রিপুরা প্রকল্পের অধীনে নেশামুক্ত ত্রিপুরা নামে একটি কর্মসূচি গ্রহণ করে। শিক্ষা দপ্তর কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের নির্দেশ অনুসারে নবচেতনা মডিউল এর দ্বারা শিক্ষক শিক্ষিকাদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করছে, যাতে ছাত্রছাত্রীদের নেশার প্রতিরোধমূলক শিক্ষা দিতে পারে।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং

নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক  
প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ  
লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন  
টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা /  
ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে  
আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **Poush Sangkranti :**

আগামীকাল পৌষ সংক্রান্তি। পৌষ সংক্রান্তি মানেই পিঠে পুলির  
অন্যতম উৎসব। পৌষ মাসের শেষ দিন প্রতিটি বাড়ি ঘরেই  
ধর্মীয় পূজার্নার মধ্য দিয়ে অনুষ্ঠিত হয় এই উৎসব। গ্রামেগঞ্জে  
নতুন ধান ঘরে তুলে আনন্দ উৎসব করার মাধ্যমে সেই চালের  
গুঁড়ো দিয়ে তৈরি পিঠা এবং নলেন গুড়ের পায়েস, এই উৎসবের  
অন্যতম আকর্ষণ। শহরে যা এখন অতীত। তবে পৌষ পার্বণের  
চিরাচরিত ঐতিহ্যকে এখনো ধরে রেখেছেন গ্রাম বাংলার মহিলারা।  
লংকামুড়া এলাকায় গিয়ে দেখা গেল এই ঐতিহ্য মেনেই মহিলারা  
ব্যস্ত বাড়ির উঠোনে আলপনা আঁকতে। কে কার চেয়ে ভালো  
আলপনা আঁকতে পারে সেই প্রতিযোগিতাই যেন চলছে সীমান্তবর্তী  
এলাকার প্রতিটি বাড়িতে।

\*\*\*\*\*

### **Greetings :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখরআজ  
লোহরি, মকর সংক্রান্তি, পোঙ্গল এবং মাঘ বিহু উপলক্ষ্যে দেশ  
বিদেশে বসবাসকারী সমস্ত ভারতীয়দের শুভেচ্ছা জানিয়েছেন।  
সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেন, এই উৎসবগুলি  
দেশের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতীক এবং বৈচিত্র্যের মধ্যে  
ঐক্যের পরিচয় দেয়। তিনি জোর দিয়ে বলেন যে এই উৎসবগুলি

আমাদের কৃষকদের অক্লান্ত পরিশ্রমের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করার সুযোগও দেয়। তিনি এই পবিত্র উৎসব প্রতিটি মানুষের জীবনে সুখ ও সমৃদ্ধি বয়ে আনবে বলে কামনা করেন।

উপ রাষ্ট্রপতি তাঁর বার্তায় বলেছেন যে এই উৎসবগুলি, আমাদের দেশ জুড়ে অনন্যভাবে উদযাপিত হয় এবং ফসল কাটার মরসুমকে সম্মান জানাতে দেশের প্রাচীন ঐতিহ্যকে তুলে ধরে।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ লোহরি উপলক্ষে তাঁর আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় শ্রী শাহ এই উৎসব সবার জীবনে সুখ এবং সমৃদ্ধি বয়ে নিয়ে আসবে বলে কামনা করেন।

\*\*\*\*\*

#### **India, Bangladesh border cooperation:**

ঢাকায় ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা এবং বাংলাদেশের পররাষ্ট্র সচিব মোঃ জসিম উদ্দিন আজ অপরাধমুক্ত সীমান্ত নিশ্চিত করতে এবং চোরাচালান, অপরাধীদের গতিবিধি এবং পাচারের চ্যালেঞ্জ মোকাবেলায় নতুনদিল্লির প্রতিশ্রুতি নিয়ে আলোচনা করেছেন। শ্রী ভার্মা বলেন, নিরাপত্তার জন্য সীমান্তে বেড়া দেওয়ার বিষয়ে দুই দেশের মধ্যে একটি বোঝাপড়া রয়েছে এবং দুটি সীমান্তরক্ষী বাহিনী - বিএসএফ এবং বিজিবি- এই বিষয়ে যোগাযোগ করেছে। তিনি বলেন, অপরাধ দমনে সমঝোতার মাধ্যমে এই সমঝোতা বাস্তবায়ন করা হবে। বাংলাদেশ সংবাদ সংস্থা, জানিয়েছে, সীমান্তে সাম্প্রতিক তৎপরতা নিয়ে পররাষ্ট্র মন্ত্রকে বৈঠক হয়। পররাষ্ট্র সচিব আশা প্রকাশ করেন যে আসন্ন বর্ডার গার্ড বাংলাদেশ এবং বিএসএফ মহানির্দেশক পর্যায়ের আলোচনায় বিষয়টি নিয়ে দীর্ঘ আলোচনা হতে পারে।

\*\*\*\*\*

#### **Governor :**

রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু নদীর জল আরও বেশি পরিশোধন করে সারা রাজ্যে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য

সুনির্দিষ্ট প্রস্তাব রেখেছেন। তিনি আজ ধলাই জেলা সদর আমবাসার কমলাছড়ায় পানীয় জলের উৎস তৈরীর কাজ পরিদর্শন করেন। ওই এলাকায় রাজ্য সরকারের পক্ষ থেকে পানীয় জলের সমস্যা নিরসনে ডিপ টিউবওয়েল বসানোর কাজ চলছে। রাজ্যপাল আজ সরজমিনে এই কাজ প্রত্যক্ষ করেন এবং আধিকারিকদের সঙ্গে আলোচনা করেন। পরিদর্শনের পর রাজ্যপাল সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে জানান নদীর জলের উপর ভিত্তি করে পর্যাপ্ত পানীয় জলের উৎস তৈরীর জন্য চিন্তাভাবনা করতে হবে।

#####Byte Governor#####

\*\*\*\*\*

#### **AIR Agartala seminar:**

আকাশবাণী আগরতলা কেন্দ্র যুব প্রজন্ম এবং ছাত্রসমাজের বর্তমান সমস্যা ও চ্যালেঞ্জ নিয়ে সেমিনার বিভিন্ন কলেজে পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে। আজ প্রথম সেমিনারটি অনুষ্ঠিত হলো আগরতলার মহারাজা বীর বিক্রম কলেজে রবীন্দ্র হলে। আকাশবাণী আগরতলা কেন্দ্র ও এমবিবি কলেজের যৌথ উদ্যোগে আয়োজিত আজকের এই সেমিনারের বিষয় ছিল "স্বামী বিবেকানন্দের বাণী ও আজকের যুবসমাজ"।

এই সেমিনারে প্রধান বক্তা বিবেকনগরস্থিত রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ স্বামী শুভকরানন্দ মহারাজ বলেন, যুবাদের কাছে স্বামীজি হচ্ছেন আইকন। ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে তাঁর আহ্বান নিজের উপর আত্মবিশ্বাস বাড়াতে হবে, ও লক্ষ্য ঠিক রাখতে হবে তাহলে সফলতা আসবেই।

##### Byte Swamiji #####

সেমিনারে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান শায়ক মুখার্জি ও তার বক্তব্যে স্বামীজীর রাষ্ট্রচিন্তা, সর্বধর্ম সমন্বয় ও উদার মানবিকতার বিভিন্ন দিক তুলে ধরেন। এমবিবি কলেজের

অধ্যক্ষ ড. নির্মল ভদ্র বলেন সুস্থ, সুন্দর ও বিকশিত সমাজ গড়তে হলে স্বামীজীর ভাবনা-চিন্তা কে পাথেয় করেই পথ চলতে হবে। শিক্ষক ননীগোপাল নন্দী বলেন, সংকীর্ণ চিন্তার উর্ধ্ব উঠে নিজেকে প্রসারিত করতে হলে বিবেকানন্দ ছাড়া আর কোন বিকল্প পথ নেই। আলোচনায় অংশ নেন কলেজের দুই ছাত্র দ্বীপ দে ও সুব্রত দাস। এছাড়া বর্তমান যুগে রেডিওর প্রাসঙ্গিকতা ও তার পরিবেশনা বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন আকাশবাণী আগরতলা কেন্দ্রের ভারপ্রাপ্ত অধিকর্তা দীনেশ কুমার। প্রাকৃতিক বিপর্যয় থেকে শুরু করে গ্রামীণ অর্থনীতি, কৃষি, শিক্ষা, প্রযুক্তিগত বিষয়ে রেডিওর সম্প্রচারের বিষয়টিও তুলে ধরেন তিনি। সেমিনারে স্বাগত ভাষণে দেন এমবিবি কলেজের অধ্যাপক সুরজিৎ সেনগুপ্ত। আলোচনার পর ছাত্র-ছাত্রীদের মধ্যে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজয়ীদের হাতেও পুরস্কার তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন আকাশবাণী আগরতলা কেন্দ্রের আধিকারিক জয়শ্রী দেববর্মা।

\*\*\*\*\*

#### **Sadar 13 Cricket:**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে চাম্পামুড়া কোচিং সেন্টার খেলবে এডি নগর কোচিং সেন্টারের বিরুদ্ধে। আগামী ১৬ জানুয়ারী ফাইনাল ম্যাচটি হবে। আজ আসরের দুটি সেমিফাইনাল হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার ১ উইকেটে জুয়েলস কোচিং সেন্টারকে এবং আশ্বেদকর স্কুল মাঠে এডি নগর কোচিং সেন্টার ৮ উইকেটে এগিয়ে চলো সংঘকে পরাজিত করে।

\*\*\*\*\*

\*\*\*\*\*

